This Booklet contains 32 printed pages
এই প্রশ্ন-পুস্তিকা 32 মুদ্রিত পৃষ্ঠা আছে।

# AN/PGE19 - VII

Question Booklet No
প্রশ্ন-পুস্তিকা সংখ্যা 200003

## EXAMINATION–STPGT
## SUBJECT : ECONOMICS

Do not open this Question Booklet until you are asked to do so.
এই প্রশ্ন-পুস্তিকা যতক্ষণ খুলতে না বলা হবে ততক্ষণ পর্যন্ত খুলবেন না।

Read carefully all the instructions given at the back page and on the front page of this Question Booklet.
এই প্রশ্ন-পুস্তিকার শেষ পৃষ্ঠা ও প্রথম পৃষ্ঠায় দেওয়া সমস্ত নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ুন।

| *Instructions for Candidates* | *পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী* |
|---|---|
| 1. Use **Black Ballpoint Pen only** for writing particulars of this Question Booklet and marking responses on the OMR Answer Sheet. | 1. এই প্রশ্ন-পুস্তিকা লেখার জন্য এবং OMR উত্তরপত্রে উত্তর চিহ্নিত করতে **শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলম** ব্যবহার করুন। |
| 2. This test is of **2 hours** and **30 minutes** duration and consists of **150** MCQ-type questions. Each question carries 1 mark. | 2. এই পরীক্ষার সময় **2 ঘন্টা 30 মিনিট**। পরীক্ষায় মোট **150**টি MCQ ধরনের প্রশ্ন থাকবে। প্রতি প্রশ্নের মূল্যাঙ্ক 1 হবে। |
| 3. There is no negative marking for any wrong answer. | 3. ভুল উত্তরের জন্য কোনো ঋণাত্মক নম্বর থাকবে না। |
| 4. Rough work should be done only in the space provided in the Question Booklet. | 4. পরীক্ষার্থীকে রাফ ওয়ার্ক করতে হবে শুধুমাত্র প্রশ্ন-পুস্তিকায় নির্দিষ্ট করা স্থানে। |
| 5. The answers are to be marked on the OMR Answer Sheet only. Mark your responses carefully since there is no chance of alteration/correction. | 5. প্রশ্নের উত্তর শুধুমাত্র OMR উত্তরপত্রে চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিত করার বিষয়ে পরীক্ষার্থীকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রশ্নের উত্তর একবার চিহ্নিত করা হয়ে গেলে কোনো অবস্থাতেই তাকে পরিবর্তন বা সংশোধন করা যাবে না। |
| 6. Use of eraser or whitener is strictly prohibited. | 6. কালি-মোচনীয় ইরেজার বা সাদা তরল-জাতীয় বস্তুর ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ। |
| 7. Candidates should note that each question is given in bilingual form (English and Bengali). In case of any discrepancy or confusion in the medium/version, the English Version will be treated as the authentic version. | 7. পরীক্ষার্থীদের মনে রাখতে হবে যে প্রশ্ন-পুস্তিকার প্রশ্নগুলি দ্বি-ভাষিক (ইংরাজী ও বাংলা) হবে। এই ক্ষেত্রে ভাষা-মাধ্যম বা ভাষা-সংস্করণে কোনো ধরনের অসঙ্গতি অথবা বোঝার অসুবিধা উপলব্ধ হলে ইংরাজী সংস্করণকেই প্রকৃত শুদ্ধ বলে গণ্য করা হবে। |

SEAL

Name of the Candidate (in Capitals) : ____________________
পরীক্ষার্থীর নাম (বড় অক্ষরে)

Roll No. : ____________________
রোল নম্বর

OMR Answer Sheet No.: ____________________
OMR উত্তরপত্রের নম্বর

| | |
|---|---|
| *Full Signature of the Candidate with date*<br>*পরীক্ষার্থীর সম্পূর্ণ স্বাক্ষর তারিখসহ* | *Signature of the Invigilator with date*<br>*নিরীক্ষকের স্বাক্ষর তারিখসহ* |

/4

***Direction :*** Answer the following questions by selecting the *correct option*.

1. Basic questions in Economics as a subject centre around
   (A) income
   (B) expenditure
   (C) equity
   (D) None of the above

2. Unit prices of land, labour and capital are studied in
   (A) macroeconomics
   (B) microeconomics
   (C) both macroeconomics and microeconomics
   (D) None of the above

3. An economy producing on its production possibility frontier denotes that
   (A) it is distributing the products equitably
   (B) it is making maximum profit
   (C) it is using its resource most effectively
   (D) None of the above

4. Almost all of the countries of the present World have adopted the system of
   (A) market economy
   (B) command economy
   (C) mixed economy
   (D) None of the above

5. Concept of 'equilibrium' in Economics has its origin in
   (A) Politics
   (B) Statistics
   (C) Mechanics
   (D) None of the above

**নির্দেশিকা :** সঠিক উত্তরটি নির্বাচন করে নীচের প্রশ্নগুলির উত্তর দাও।

1. বিষয় হিসাবে অর্থনীতি-র মৌলিক প্রশ্নগুলির কেন্দ্রে আছে
   (A) আয়
   (B) ব্যয়
   (C) সমতা
   (D) উপরের কোনটিই নয়

2. জমি, শ্রম ও মূলধনের একক দাম সম্পর্কিত করা হয় যে বিষয়ে সেটি হল
   (A) সমষ্টিগত অর্থবিদ্যা
   (B) ব্যষ্টিগত অর্থবিদ্যা
   (C) সমষ্টিগত ও ব্যষ্টিগত অর্থবিদ্যা দুইই
   (D) উপরের কোনটিই নয়

3. কোন অর্থনীতি যখন তার উৎপাদন সম্ভাবনা অপেক্ষক থেকে উৎপাদন করে তখন সেটি
   (A) সমভাবে তার উৎপাদনকে বন্টন করে
   (B) সর্বাধিক মুনাফা অর্জন করে
   (C) সবচেয়ে ভালোভাবে তার সম্পদের ব্যবহার করে
   (D) উপরের কোনটিই নয়

4. বর্তমান বিশ্বে প্রায় সব দেশেই যে অর্থনৈতিক ব্যবস্থা বর্তমান সেটি হল
   (A) বাজার অর্থনীতি
   (B) নির্দেশাত্মক অর্থনীতি
   (C) মিশ্র অর্থনীতি
   (D) উপরের কোনটিই নয়

5. অর্থনীতিতে 'ভারসাম্য'-এর ধারণার মূলে আছে
   (A) রাজনীতিবিদ্যা
   (B) পরিসংখ্যানবিদ্যা
   (C) বলবিদ্যা
   (D) উপরের কোনটিই নয়

6. Though water is very essential for us, but it has very little or no value. Why is it so ?

(A) Supply of water is scarce

(B) Marginal utility of water is very little or nil

(C) Both (A) and (B) are true

(D) None of the above

7. In cardinal utility analysis of consumption a consumer can

(A) measure total and marginal utility

(B) measure total utility only

(C) measure marginal utility only

(D) None of the above

8. That indifference curves do not intersect each other is based on the following assumption in consumer behaviour :

(A) Completeness

(B) Continuity

(C) Non-satiation

(D) None of the above

9. For a consumer consuming two goods with fixed income the tangency solution of maximising his utility stipulates that

(A) marginal rate of substitution for goods equals the ratio of prices of those goods

(B) marginal utility of expenditure of one good equals that of the other one

(C) Both (A) and (B) are correct

(D) Neither (A) nor (B) is correct

10. In comparing inferior goods with Giffen goods it can be said that

(A) both the goods are superior goods

(B) all inferior goods are Giffen goods

(C) change in real income has got same impact on the demand for both the goods

(D) None of the above

6. জল আমাদের কাছে অত্যন্ত প্রয়োজনীয় হলেও এর দাম খুব কম বা নেই। কেন?

(A) জলের জোগান অপ্রতুল

(B) জলের প্রান্তিক উপযোগিতা খুবই কম বা নেই

(C) (A) এবং (B) দুটোই ঠিক

(D) উপরের কোনটিই নয়

7. ভোগের পরিমাপবাচক উপযোগ বিশ্লেষণ অনুযায়ী কোন ভোক্তা

(A) মোট ও প্রান্তিক উপযোগ পরিমাপ করতে পারে

(B) শুধু মোট উপযোগ পরিমাপ করতে পারে

(C) শুধু প্রান্তিক উপযোগ পরিমাপ করতে পারে

(D) উপরের কোনটিই নয়

8. ভোক্তার আচরণ সংক্রান্ত যে অনুমানের ভিত্তিতে বলা হয় নিরপেক্ষ রেখাগুলি পরস্পরকে ছেদ করেনা সেই অনুমানটি হলঃ

(A) পূর্ণতা

(B) বহমানতা

(C) অতৃপ্তি

(D) উপরের কোনটিই নয়

9. স্থির আয়ের ভিত্তিতে কোন ভোক্তা যদি দুটি জিনিস ভোগ করেন তবে তার উপযোগ সর্বাধিক করার শর্ত অনুযায়ী বলা যায়ঃ

(A) দ্রব্য দুটির পরিবর্ততার প্রান্তিক হার দ্রব্য দুটির দামের অনুপাতের সমান হবে

(B) একটি দ্রব্যের ব্যয়ের প্রান্তিক উপযোগ অন্য দ্রব্যের ব্যয়ের প্রান্তিক উপযোগের সমান হবে

(C) (A) এবং (B) দুটিই ঠিক

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

10. নিকৃষ্ট দ্রব্য ও গিফেন দ্রব্যের তুলনা করে বলা যায় যে

(A) দুটি দ্রব্যই উৎকৃষ্ট দ্রব্য

(B) সব নিকৃষ্ট দ্রব্যই গিফেন দ্রব্য

(C) দুটি দ্রব্যের চাহিদার উপর প্রকৃত আয়ের পরিবর্তন একই প্রভাব ফেলে

(D) উপরের কোনটিই নয়

11. All the points on an isoquant reveal that

(A) marginal product of at least one input is positive

(B) marginal product of at least one input is negative

(C) Both (A) and (B) are correct

(D) Neither (A) nor (B) is correct

12. If an expansion path is a straight line it ensures that its production function is with

(A) constant returns to scale

(B) increasing returns to scale

(C) decreasing returns to scale

(D) None of the above

13. When average cost of production of a firm is at the minimum level its

(A) marginal cost equals average cost

(B) marginal cost is greater than average cost

(C) marginal cost is less than average cost

(D) None of the above

14. An inferior factor of production is associated with the concept of

(A) constant production

(B). expenditure elasticity

(C) decreasing cost

(D) None of the above

15. When marginal revenue of a firm is decreasing its average revenue is

(A) decreasing

(B) either increasing or decreasing

(C) constant

(D) None of the above

11. সমোৎপাদন রেখার সবকটি বিন্দু নিশ্চিত করে যে

(A) অন্তত একটি উপাদানের প্রান্তিক উৎপাদন ধনাত্মক

(B) অন্তত একটি উপাদানের প্রান্তিক উৎপাদন ঋনাত্মক

(C) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

(D) উপরের কোনটিই নয়

12. সরলরৈখিক সম্প্রসারণ পথ সুনিশ্চত করে যে উৎপাদন অপেক্ষকটি নির্দেশ করছে

(A) স্থির প্রতিদানের মাত্রা

(B) বর্ধমান প্রতিদানের মাত্রা

(C) হ্রাসমান প্রতিদানের মাত্রা

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

13. যখন কোন উৎপাদন প্রতিষ্ঠানের গড় উৎপাদন ব্যয় সর্বনিম্ন তখন সেই প্রতিষ্ঠানের

(A) প্রান্তিক ব্যয় গড় ব্যয়ের সমান হয়

(B) প্রান্তিক ব্যয় গড় ব্যয়ের চেয়ে বেশী হয়

(C) প্রান্তিক ব্যয় গড় ব্যয়ের চেয়ে কম হয়

(D) উপরের কোনটিই নয়

14. উৎপাদনের নিকৃষ্ট উপাদান যে ধারণাটির সঙ্গে সম্পর্কিত সেটি হল

(A) স্থির উৎপাদন

(B) ব্যয় স্থিতিস্থাপকতা

(C) হ্রাসমান ব্যয়

(D) উপরের কোনটিই নয়

15. যখন কোন উৎপাদন প্রতিষ্ঠানের প্রান্তিক রেভিনিউ কমতে থাকে তখন সেটির গড় রেভিনিউ

(A) কমতে থাকে

(B) কমতে থাকে বা বাড়তে থাকে

(C) স্থির থাকে

(D) উপরের কোনটিই নয়

16. If there is positive excess demand in a perfectly competitive market a stable equilibrium can be arrived at if

(A) existing price is less than equilibrium price

(B) existing price is more than equilibrium price

(C) Both (A) and (B) are correct

(D) Neither (A) nor (B) is correct

17. Monopoly market provides a loss in welfare as because it

(A) produces at an inefficient level

(B) determines price at higher than marginal cost

(C) Both (A) and (B) are correct

(D) Neither (A) nor (B) is correct

18. Concept of proportional demand curve is used in the following form of market :

(A) Monopoly

(B) Monopsony

(C) Both (A) and (B) are true

(D) Neither (A) nor (B) is true

19. Non-price competition in oligopoly market can take the following form :

(A) Advertising

(B) Creation of quality differentials among products

(C) Both (A) and (B) are correct

(D) Neither (A) nor (B) is correct

20. Characteristics of a monopsony market can best be observed at

(A) product market

(B) factor market

(C) money market

(D) None of the above

16. পূর্ণপ্রতিযোগিতার বাজারে ধনাত্মক অতিরিক্ত চাহিদা থাকলে ভারসাম্য দাম স্থিতিশীল থাকবে যদি

(A) বর্তমান দাম ভারসাম্য দামের চেয়ে কম হয়

(B) বর্তমান দাম ভারসাম্য দামের চেয়ে বেশী হয়

(C) (A) এবং (B) দুটোই ঠিক

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

17. একচেটিয়া বাজার (সামাজিক) কল্যাণের ক্ষতি ঘটায় যেহেতু সে বাজারে

(A) অদক্ষ স্তরে উৎপাদন হয়

(B) দাম নির্ধারিত হয় প্রান্তিক ব্যয়ের অধিক

(C) (A) এবং (B) দুটোই ঠিক

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

18. আনুপাতিক চাহিদারেখার ধারণাটি ব্যবহার করা হয় যেরকম বাজারে সেটি হল

(A) একচেটিয়া বাজার

(B) একক-ক্রেতার বাজার

(C) (A) এবং (B) দুটোই ঠিক

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

19. অলিগোপলি বাজারে মূল্য-ব্যতিরেক প্রতিযোগিতার নিম্নলিখিত রূপ দেখা যায়

(A) বিজ্ঞাপন দেওয়া

(B) দ্রব্যের মধ্যে গুনমানের তারতম্য ঘটানো

(C) (A) এবং (B) দুটোই ঠিক

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

20. একক-ক্রেতা বাজারের বৈশিষ্ট্য সবচেয়ে ভালো দেখা যায়

(A) দ্রব্যের বাজারে

(B) উপাদানের বাজারে

(C) অর্থের বাজারে

(D) উপরের কোনটিই নয়

21. Output elasticity of a factor is the ratio of its

(A) marginal product and average product

(B) average product and total product

(C) marginal product and total product

(D) None of the above

22. With a fixed supply of land a tax on pure economic rent shall be borne by

(A) land-user

(B) landowner

(C) Both (A) and (B) are true

(D) Neither (A) nor (B) is true

23. If supply curve of labour bends backward above a given wage rate then, at above that level, it is due to the dominance of

(A) substitution effect

(B) income effect

(C) wage effect

(D) None of the above

24. Real interest rate is the difference of

(A) nominal interest rate and rate of inflation

(B) nominal interest rate and rate of taxation

(C) nominal interest rate and risk premium

(D) None of the above

25. Profit is a reward for

(A) risk - bearing

(B) innovative power

(C) Both (A) and (B) are correct

(D) Neither (A) nor (B) is correct

21. কোন উপদানের উৎপাদন স্থিতিস্থাপকতা বলতে যে অনুপাতকে বোঝানো হয় সেটি হল

(A) প্রান্তিক ও গড় উৎপাদনের অনুপাত

(B) গড় ও মোট উৎপাদনের অনুপাত

(C) প্রান্তিক ও মোট উৎপাদনের অনুপাত

(D) উপরের কোনটিই নয়

22. জমির জোগান স্থির অবস্থায় বিশুদ্ধ অর্থনৈতিক খাজনার উপর কর আরোপিত হলে সেটি বহন করবেন

(A) জমির ব্যবহারকারী

(B) জমির মালিক

(C) (A) এবং (B) দুটোই ঠিক

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

23. যদি কোন নির্দিষ্ট মজুরী-হার অতিক্রম করলে শ্রমের জোগান রেখা পশ্চাৎগামী হয় তবে ঐ মজুরী হারের উপরের হারগুলির ক্ষেত্রে যে প্রভাব অধিক শক্তিশালী সেটি হল

(A) পরিবর্ত প্রভাব

(B) আয় প্রভাব

(C) মজুরী প্রভাব

(D) উপরের কোনটিই নয়

24. প্রকৃত সুদের হার নীচে দেওয়া ধারণার পার্থক্য

(A) নামমাত্র সুদের হার ও মুদ্রাস্ফীতির হার

(B) নামমাত্র সুদের হার ও করের হার

(C) নামমাত্র সুদের হার ও ঝুঁকি বাবদ দেওয়া

(D) উপরের কোনটিই নয়

25. মুনাফাকে পুরস্কার বলা যায়

(A) ঝুঁকি-বহনের জন্য

(B) উদ্ভাবনী শক্তির জন্য

(C) (A) এবং (B) দুটোই ঠিক

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

26. Concept of Pareto efficiency is based on

(A) production process

(B) plurality

(C) command

(D) None of the above

27. Pareto efficient allocation of goods among consumers is based on the concept of

(A) marginal rate of technical substitution

(B) marginal rate of transformation

(C) Both (A) and (B) are true

(D) Neither (A) nor (B) is true

28. Equilibrium of an economy is Pareto efficient if all markets are

(A) monopolistically competitive

(B) perfectly competitive

(C) Both (A) and (B) are true

(D) Neither (A) nor (B) is true

29. Pareto efficient allocation of goods among consumer is ***not*** affected by

(A) ownership externality

(B) public good externality

(C) price externality

(D) None of the above

30. Utility–possibility frontier can be directly constructed from

(A) contract curve

(B) indifference curve

(C) isoquant

(D) None of the above

26. প্যারেতো দক্ষতার ধারণাটির ভিত্তি হল

(A) উৎপাদন পদ্ধতি

(B) সার্বিকতা

(C) নির্দেশ

(D) উপরের কোনটিই নয়

27. ভোক্তাদের মধ্যে দ্রব্য বন্টনের প্যারেতো দক্ষতার ভিত্তি হিসাবে নীচের কোন ধারণাটি কাজ করে?

(A) কারিগরী পরিবর্তিতার প্রান্তিক হার

(B) দ্রব্য পরিবর্তিতার প্রান্তিক হার

(C) (A) এবং (B) দুটোই ঠিক

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

28. একটি অর্থনীতির ভারসাম্য তখনই প্যারেতো দক্ষতা লাভ করে যখন সমস্ত বাজার হয়

(A) একচেটিয়ামূলক প্রতিযোগিতার বাজার

(B) পূর্ণ প্রতিযোগিতার বাজার

(C) (A) এবং (B) দুটোই ঠিক

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

29. ভোক্তাদের মধ্যে প্যারেতো দক্ষ বন্টনকে প্রভাবিত করে না যে বাহ্যিকতা সেটি হল

(A) মালিকানাজনিত বাহ্যিকতা

(B) গণদ্রব্যজনিত বাহ্যিকতা

(C) দামজনিত বাহ্যিকতা

(D) উপরের কোনটিই নয়

30. উপযোগ–সম্ভাবনা রেখা যে রেখা থেকে সরাসরি গঠন করা যায় সেটি হল

(A) চুক্তি রেখা

(B) নিরপেক্ষ রেখা

(C) সমোৎপাদন রেখা

(D) উপরের কোনটিই নয়

31. In a circular flow of income model in Economics Gross Domestic Product may be measured with the help of

(A) flow of final products

(B) flow of costs

(C) Either (A) or (B)

(D) Neither (A) nor (B)

32. 'Value added' is the difference between

(A) sales of product and purchase of input

(B) value of final products and intermediaries

(C) Both (A) and (B) are correct

(D) Neither (A) nor (B) is correct

33. Concept of GDP deflator is directly related to

(A) growth of product

(B) growth of factor

(C) Both (A) and (B) are correct

(D) Neither (A) nor (B) is correct

34. Part of government expenditure not included in calculating Gross Domestic Product (GDP) is

(A) government purchase of goods

(B) government purchase of services

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

35. Calculation of national income includes

(A) non - market activities

(B) domestic activities

(C) transfer payment

(D) None of the above

31. সমষ্টিগত অর্থনীতির আয়ের বৃত্তাকার প্রবাহ প্রতিরূপে স্থূল অভ্যন্তরীন উৎপাদন পরিমাপ করা যায় যার সাহায্যে সেটি হল

(A) চূড়ান্ত উৎপাদনের প্রবাহ

(B) ব্যয়ের প্রবাহ

(C) (A) অথবা (B)

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

32. 'মূল্য-যুক্ত' বলতে যার পার্থক্য বোঝায় সেটি হল

(A) উৎপাদনের বিক্রয়মূল্য ও উপাদানের ক্রয়মূল্য

(B) চূড়ান্ত ও অন্তর্বর্তী উৎপাদনের মূল্য

(C) (A) এবং (B) উভয়েই সত্য

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

33. GDP (স্থূল জাতীয় উৎপাদন) সংকোচকের ধারণা সরাসরি সম্পর্কিত হয়

(A) উৎপাদনের বৃদ্ধির সঙ্গে

(B) উপাদানের বৃদ্ধির সঙ্গে

(C) (A) এবং (B) উভয়েই সত্য

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

34. সরকারী ব্যয়ের যে অংশ স্থূল জাতীয় উৎপাদন নির্ণয়ে অন্তর্ভুক্ত হয়না সেটি হল

(A) সরকারী স্তরে দ্রব্যের ক্রয়

(B) সরকারী স্তরে সেবা ক্রয়

(C) (A) এবং (B) উভয়ই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

35. জাতীয় আয় পরিমাপের হিসাবে অন্তর্ভুক্ত থাকে

(A) বাজার বহির্ভূত কার্যকলাপ

(B) ঘর গেরস্থালীর কাজ

(C) হস্তান্তর প্রদেয়

(D) উপরের কোনটিই নয়

36. In classical macroeconomic system real variables are ***not*** affected with a change in

(A) wage

(B) price

(C) money - supply

(D) None of the above

37. Say's law of market ultimately leads to the attainment of

(A) unemployment

(B) underemployment

(C) full employment

(D) None of the above

38. In the classical system marginal productivity of labour is equated to

(A) money wage

(B) real wage

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

39. A change in fiscal policy raises income of an economy through the operation of

(A) investment multiplier

(B) government-expenditure multiplier

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

40. An increase in government expenditure shifts the IS curve

(A) outward

(B) inward

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

36. সমষ্টিগত অর্থনীতির ক্লাসিক্যাল তত্ত্বে প্রকৃত চলরাশি যার পরিবর্তনে প্রভাবিত হয় না সেটি হল

(A) মজুরী

(B) দাম

(C) অর্থের জোগান

(D) উপরের কোনটিই নয়

37. বাজার সংক্রান্ত সে'র বিধির ফলে শেষ পর্যন্ত (অর্থনীতিতে) যা অর্জিত হয় তা হল

(A) নিয়োগহীনতা

(B) অপূর্ণ নিয়োগ

(C) পূর্ণ নিয়োগ

(D) উপরের কোনটিই নয়

38. ক্লাসিক্যাল তত্ত্বে শ্রমের প্রান্তিক উৎপাদন সমান হয়

(A) আর্থিক মজুরীর সঙ্গে

(B) প্রকৃত মজুরীর সঙ্গে

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

39. রাজকোষ সংক্রান্ত নীতির পরিবর্তনে কোন অর্থনীতির আয় যার মাধ্যমে বৃদ্ধি পায় সেটি হল

(A) বিনিয়োগ গুণক

(B) সরকারী ব্যয় গুণক

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

40. সরকারী ব্যয় বৃদ্ধি IS রেখাকে যে দিকে চালিত করে সেটি হল

(A) বাইরের দিক

(B) ভিতরের দিক

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

41. In the short run as income rises average propensity to consume

(A) rises

(B) falls

(C) remains constant

(D) None of the above

42. In the long run average propensity to consume tends to be constant as consumption is supposed to depend on

(A) permanent income

(B) current income

(C) transitory income

(D) None of the above

43. For a consumption function $c = a + by$ where $c$ = consumption, $y$ = income and $a$, $b$ are constants, the value of multiplier shall be

(A) $1/(1 - b)$

(B) $a/(1 - b)$

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

44. With the help of accelerator we can find the relation between

(A) income and consumption

(B) income and tax

(C) income and government expenditure

(D) None of the above

45. If the marginal product of capital exceeds the cost of capital investment shall

(A) rise

(B) fall

(C) remain the same

(D) None of the above

41. স্বল্পকালীন পর্যায়ে আয় বৃদ্ধি পেলে গড় ভোগ প্রবণতা

(A) বাড়ে

(B) কমে

(C) এক থাকে

(D) উপরের কোনটিই নয়

42. দীর্ঘকালে গড় ভোগ প্রবণতা সাধারণত স্থির থাকে কারণ ভোগ মূলত নির্ভর করে

(A) স্থায়ী আয়ের উপর

(B) চলতি আয়ের উপর

(C) অপ্রত্যাশিত আয়ের উপর

(D) উপরের কোনটিই নয়

43. ভোগ অপেক্ষক $c = a + by$ (যেখানে $c$ = ভোগ, $y$ = আয় এবং $a$, $b$ ধ্রুবক) হলে, গুণকের মান হবে

(A) $1/(1 - b)$

(B) $a/(1 - b)$

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

44. ত্বরণ রাশির সাহায্য যে দুয়ের মধ্যে সম্পর্ক দেখতে পাওয়া যায় সেগুলি হল

(A) আয় ও ভোগ

(B) আয় ও কর

(C) আয় ও সরকারী ব্যয়

(D) উপরের কোনটিই নয়

45. যদি মূলধনী ব্যয়ের চেয়ে মূলধণের প্রান্তিক উৎপাদন বেশী হয় তাহলে বিনিয়োগ

(A) বাড়ে

(B) কমে

(C) স্থির থাকে

(D) উপরের কোনটিই নয়

46. The promptness with which money can be converted into other things is known as

(A) velocity

(B) fluidity

(C) liquidity

(D) None of the above

47. Supply of money through credit creation can be done by

(A) Central bank

(B) commercial banks

(C) Both (A) and (B)

(D) None of the above

48. Supply of money can be restricted by the Central bank by

(A) selling of government bonds

(B) raising the level of statutory reserve ratio

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

49. At any given point of time supply curve of money shall be

(A) positively sloped

(B) negatively sloped

(C) vertical

(D) None of the above

50. Measure of money is ***not*** affected by the use of

(A) Credit card

(B) Debit card

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

51. Income velocity of money is the ratio of

(A) nominal GDP and stock of money

(B) stock of money and price

(C) price and nominal GDP

(D) None of the above

46. অর্থকে অন্য দ্রব্যে রূপান্তর করার তাৎক্ষণিক প্রক্রিয়াকে বলা হয়

(A) বেগ

(B) প্লবতা

(C) তারল্য

(D) উপরের কোনটিই নয়

47. ঋণ সৃষ্টির মাধ্যমে অর্থের জোগান দেয়

(A) কেন্দ্রীয় ব্যাঙ্ক

(B) বানিজ্যিক ব্যাঙ্কসমূহ

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

48. কেন্দ্রীয় ব্যাঙ্ক যে পদ্ধতিতে অর্থের জোগান নিয়ন্ত্রন করতে পারে তা হল

(A) সরকারী বন্ডবিক্রী

(B) বিধিবদ্ধ জমা অনুপাতের স্তর বৃদ্ধি

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

49. কোন নির্দিষ্ট সময়ে অর্থের জোগান রেখার আকৃতি হয়

(A) ধনাত্মক ঢাল সম্পন্ন

(B) ঋনাত্মক ঢাল সম্পন্ন

(C) উল্লম্ব

(D) উপরের কোনটিই নয়

50. অর্থের পরিমাপ যার ব্যবহারে প্রভাবিত হয় **না** সেটি হল

(A) ক্রেডিট কার্ড

(B) ডেবিট কার্ড

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

51. অর্থের আয় প্রচলনবেগ যে দুয়ের অনুপাত সেটি হল

(A) আর্থিক GDP ও অর্থের পরিমাণ

(B) অর্থের পরিমাণ ও দাম

(C) দাম ও আর্থিক GDP

(D) উপরের কোনটিই নয়

52. Quantity theory of money is takes into account that velocity of money is

(A) flexible

(B) constant and predictable

(C) constant but unpredictable

(D) None of the above

53. Quantity theory of money can be used to find out the

(A) demand function of money

(B) supply function of money

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

54. Demand for real money balance depends only on

(A) income

(B) rate of interest

(C) stock of wealth

(D) None of the above is true

55. Transaction demand for money is affected by

(A) income and rate of interest

(B) rate of interest and supply of money

(C) supply of money and income

(D) None of the above

56. A theory of inflation can directly be derived from

(A) Neoclassical growth theory

(B) Keynesian consumption theory

(C) Real business cycle theory

(D) None of the above

57. Demand - pull inflation may be observed when there is

(A) high unemployment

(B) high aggregate supply

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

52. অর্থের পরিমাণ তত্ত্ব ধরে নেয় যে অর্থের প্রচলন বেগ থাকে

(A) পরিবর্তনশীল

(B) স্থির এবং প্রত্যাশিত

(C) স্থির কিন্তু অপ্রত্যাশিত

(D) উপরের কোনটিই নয়

53. অর্থের পরিমাণ কোন তত্ত্বের সাহায্যে পাওয়া যেতে পারে?

(A) অর্থের চাহিদা অপেক্ষক

(B) অর্থের জোগান অপেক্ষক

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

54. প্রকৃত অর্থের পরিমাণের চাহিদা নির্ভর করে শুধুমাত্র

(A) আয়ের উপর

(B) সুদের হারের উপর

(C) সম্পদের পরিমাণের উপর

(D) উপরের কোনটিই নয়

55. অর্থের লেনদেন সংক্রান্ত চাহিদা নির্ভর করে

(A) আয় ও সুদের হারের উপর

(B) সুদের হার ও অর্থের জোগানের উপর

(C) অর্থের জোগান ও আয়ের উপর

(D) উপরের কোনটিই নয়

56. মুদ্রাস্ফীতির তত্ত্ব সরাসরি যে তত্ত্ব থেকে পাওয়া যেতে পারে সেটি হল

(A) নিয়ো ক্লাসিক্যাল প্রবৃদ্ধির তত্ত্ব

(B) কেইনসীয় ভোগ-তত্ত্ব

(C) প্রকৃত বানিজ্য চক্রের তত্ত্ব

(D) উপরের কোনটিই নয়

57. চাহিদারটানজনিত মুদ্রাস্ফীতি দেখা দিতে পারে যে অবস্থায় সেটি হল

(A) উচ্চঃ হারে বেকারী

(B) উচ্চঃ সামগ্রিক জোগান

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

58. Fiscal policy suitable for restricting inflation includes

(A) rise in government expenditure

(B) raising of tax - rate

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

59. During recession an economy can observe

(A) rise in Gross Domestic Product

(B) rise in business inventories

(C) rise in inflation

(D) None of the above

60. Exogeneous sources of business cycle include

(A) multiplier

(B) accelerator

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

61. Other than difference in natural resources and production condition a country shall engage in trade with other one if there is a difference in

(A) colour of people

(B) taste of people

(C) religion of people

(D) None of the above

62. Under free trade a country shall produce goods in which, in respect of other countries, it has got

(A) absolute advantage in production

(B) comparative advantage in production

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

63. Ratio of the price index of a nation's export to that of its import is known as

(A) income terms of trade

(B) factoral terms of trade

(C) commodity terms of trade

(D) None of the above

58. মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রনে রাজকোষ সংক্রান্ত নীতির অন্তর্ভুক্ত আছে

(A) সরকারী ব্যয় বৃদ্ধি

(B) কর হারে বৃদ্ধি

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

59. প্রাক্‌মন্দার সময়ে কোন অর্থনীতিতে পরিলক্ষিত হয়

(A) স্থূল জাতীয় উৎপাদনে বৃদ্ধি

(B) বানিজ্যের মধ্যবর্তীকালীন দ্রব্যে বৃদ্ধি

(C) মূদ্রাস্ফীতির বৃদ্ধি

(D) উপরের কোনটিই নয়

60. বানিজ্য চক্রের বাহ্যিক উৎসগুলির মধ্যে অন্তর্ভুক্ত আছে

(A) গুণক

(B) ত্বরক

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

61. নীচের কোন ধরণের পার্থক্য লক্ষ্য করা গেলে প্রাকৃতিক উপাদান ও উৎপাদন ব্যবস্থায় পার্থক্য ছাড়াও একটি দেশ অন্য দেশের সঙ্গে বানিজ্য করতে পারে?

(A) জনগণের গায়ের রঙ

(B) জনগণের রুচি

(C) জনগণের ধর্ম

(D) উপরের কোনটিই নয়

62. অবাধ বানিজ্য ব্যবস্থায় একটি দেশ সেই দ্রব্য উৎপাদন করতে পারে যার উৎপাদনে অন্য দেশের তুলনায়, সে ভোগ করে

(A) চূড়ান্ত সুবিধা

(B) তুলনামূলক সুবিধা

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

63. কোন দেশের রপ্তানীর মূল্যসূচক ও আমদানীর মূল্যসূচকের অনুপাতকে বলে

(A) আয় বানিজ্য শর্ত

(B) উপাদান বানিজ্য শর্ত

(C) দ্রব্য বানিজ্য শর্ত

(D) উপরের কোনটিই নয়

64. Demand for a factor in production is considered to be

(A) derived demand

(B) direct demand

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

65. Optimum tariff provides a country its

(A) maximum production

(B) maximum tariff

(C) maximum consumption

(D) None of the above

66. The following measure is taken to encourage free trade :

(A) import quota

(B) foreign exchange control

(C) import substitution

(D) None of the above

67. Free trade may be disadvantageous if it leads a country towards

(A) increased consumption

(B) increased production

(C) immiserizing growth

(D) None of the above

68. Infant industry argument is advocated for a notion in favour of

(A) free trade

(B) protection

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

69. The Uruguay Round of Trade Negotiation aimed at the development of

(A) bilateral trade

(B) multilateral trade

(C) new protectionism

(D) None of the above

64. উৎপাদন ক্ষেত্রে উপাদানের চাহিদাকে বলা হয়

(A) উদ্ভূত চাহিদা

(B) প্রত্যক্ষ চাহিদা

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

65. কাম্য শুল্কের মাধ্যমে একটি দেশ অর্জন করে

(A) সর্বাধিক উৎপাদন

(B) সর্বাধিক শুল্ক

(C) সর্বাধিক ভোগ

(D) উপরের কোনটিই নয়

66. অবাধ বাণিজ্যে উৎসাহ প্রদানের জন্য নিম্নলিখিত কোন ব্যবস্থাটি নেওয়া হয়?

(A) আমদানীর অংশ নির্দেশ

(B) বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রন

(C) আমদানী পরিবর্তিতা

(D) উপরের কোনটিই নয়

67. অবাধ বাণিজ্য কোন দেশের পক্ষে ক্ষতিকারক হতে পারে যদি সে দেশে দেখা দেয়

(A) ভোগ বৃদ্ধি

(B) উৎপাদন বৃদ্ধি

(C) দারিদ্রবর্ধক বৃদ্ধি

(D) উপরের কোনটিই নয়

68. কোন দেশে শিশু-শিল্পের যুক্তি খাড়া করা হয় যার সপক্ষে সেটি হল

(A) অবাধ বানিজ্য

(B) সংরক্ষণ

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

69. বাণিজ্য আলোচনার উরুগুয়ে পর্যায়ের লক্ষ্য ছিল এক্ষেত্রে উন্নয়ন

(A) দ্বিপাক্ষিক বাণিজ্য

(B) বহুপাক্ষিক বাণিজ্য

(C) নব্য সংরক্ষণবাদ

(D) উপরের কোনটিই নয়

70. International policy on trade liberalisation is in favour of

(A) reduction of tariffs

(B) increasing trade of subsidized products

(C) discouraging trade of services

(D) None of the above

71. Exchange rate between Indian rupee and US dollar is expressed as

(A) amount of rupee needed to purchase one dollar

(B) amount of dollar needed to purchase one rupee

(C) ratio of total rupee and dollar in India

(D) None of the above

72. Exchange rate between Indian rupee and US dollar, in the present-day floating exchange rate system, is determined by

(A) demand for dollar and supply of rupee

(B) demand for and supply of rupee

(C) demand for and supply of dollar

(D) None of the above

73. In an open economy equilibrium national income can be had if balance of trade equals

(A) balance of payment

(B) net domestic product

(C) net capital outflow

(D) None of the above

74. Other than current account balance of payment account of a country contains

(A) Capital account

(B) Services account

(C) Both (A) and (B)

(D) Neither (A) nor (B)

75. "Devaluation of currency improves the balance of payment of a country". The statement is

(A) always correct

(B) never correct

(C) Either (A) or (B)

(D) Neither (A) nor (B)

70. বাণিজ্য উদারীকরণের আন্তর্জাতিক নীতি যার পক্ষে আছে তা হল

(A) শুল্ক হ্রাস

(B) ভর্তুকীযুক্ত দ্রব্যের বাণিজ্যে বৃদ্ধি

(C) পরিষেবা বাণিজ্যে নিরুৎসাহ প্রদান

(D) উপরের কোনটিই নয়

71. ভারতীয় টাকা ও মার্কিন ডলারের মুদ্রা বিনিময় হার বলতে বোঝায়

(A) এক ডলার কিনতে যত টাকা লাগে

(B) এক টাকা কিনতে যত ডলার লাগে

(C) ভারতের মোট টাকা ও ডলারের অনুপাত

(D) উপরের কোনটিই নয়

72. এখনকার অনির্দিষ্ট মুদ্রা বিনিময় হার ব্যবস্থায় ভারতীয় টাকা ও মার্কিন ডলারের বিনিময় হার নির্ধারিত হয় এর মাধ্যমে

(A) ডলারের চাহিদা ও টাকার জোগান

(B) টাকার চাহিদা ও জোগান

(C) ডলারের চাহিদা ও জোগান

(D) উপরের কোনটিই নয়

73. একটি খোলা অর্থনীতিতে ভারসাম্য জাতীয় আয় পাওয়া যায় যদি দেশের বাণিজ্য ব্যালান্স সমতা বজায় রাখে

(A) লেনদেন ব্যালান্সের সঙ্গে

(B) নীট অভ্যন্তরীণ উৎপাদনের সঙ্গে

(C) নীট মূলধন নির্গমনের সঙ্গে

(D) উপরের কোনটিই নয়

74. কোন দেশের লেনদেন ব্যালান্স হিসাবে চলতি খাতের হিসাব ছাড়াও থাকে

(A) মূলধনী খাতের হিসাব

(B) পরিষেবা খাতের হিসাব

(C) (A) এবং (B) উভয়েই

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

75. 'মুদ্রার অবমূল্যায়ন কোন দেশের লেনদেন ব্যালান্সকে অনুকূল করতে পারে'। এই বক্তব্যটি

(A) সবসময় সত্য

(B) কোনসময় সত্য নয়

(C) (A) অথবা (B)

(D) (A) অথবা (B) কোনটিই সঠিক নয়

76. Social advantage is maximised when the

(A) marginal social benefit is equal to marginal social sacrifice

(B) total social benefit is maximised

(C) total social sacrifice is minimised

(D) None of the above

77. Which of the following is ***not*** a characteristic of social goods?

(A) Indivisibility

(B) Lack of exclusion principle

(C) Decreasing average cost

(D) None of the above

78. Which of the following is ***not*** a reason for failure of market ?

(A) Positive and negative externalities

(B) Lack of public goods

(C) Imperfect information

(D) None of the above

79. Which of the following is ***not*** a reason for the growth of public expenditure ?

(A) Urbanisation

(B) Social security measures

(C) Agricultural development

(D) None of the above

80. Interest payment is an item of

(A) capital expenditure

(B) revenue expenditure

(C) non-plan expenditure

(D) None of the above

81. Market borrowing of the Central government are included in

(A) tax revenue

(B) non-tax revenue

(C) capital receipts

(D) None of the above

76. সামাজিক সুবিধা সর্বাধিক হবে যখন

(A) প্রান্তিক সামাজিক উপকার প্রান্তিক সামাজিক ত্যাগের সমান হয়

(B) মোট সামাজিক উপকার সর্বাধিক হয়

(C) মোট সামাজিক ত্যাগ সর্বনিম্ন হয়

(D) উপরের কোনটিই নয়

77. নীচের কোন্‌টি সামাজিক দ্রব্যের একটি বৈশিষ্ট্য নয়?

(A) অবিভাজ্যতা

(B) বর্জন নীতির অভাব

(C) ক্রমহ্রাসমান গড় ব্যয়

(D) উপরের কোনটিই নয়

78. নীচের কোন্‌টি বাজার ব্যর্থতার একটি কারণ নয়?

(A) ধনাত্মক এবং ঋনাত্মক বাহ্যিকতা

(B) সরকারী দ্রব্যের অভাব

(C) অপূর্ণ তথ্য

(D) উপরের কোনটিই নয়

79. নীচের কোন্‌টি সরকারী ব্যয় বৃদ্ধির একটি কারণ নয়?

(A) নগরীকরণ

(B) সামাজিক নিরাপত্তামূলক ব্যবস্থা

(C) কৃষি উন্নয়ন

(D) উপরের কোনটিই নয়

80. সুদপ্রদান যে দফার অন্তর্গত, তা হল

(A) মূলধনী ব্যয়

(B) রাজস্ব ব্যয়

(C) পরিকল্পনা বহির্ভূত ব্যয়

(D) উপরের কোনটিই নয়

81. কেন্দ্রীয় সরকারের বাজার-ঋণ যে খাতে অন্তর্ভুক্ত হয়, তা হল

(A) কর রাজস্ব

(B) অ-কর রাজস্ব

(C) মূলধনীখাতের প্রাপ্তি

(D) উপরের কোনটিই নয়

82. The merit of zero-based budget is

(A) expenditure is rationalised

(B) deficit finance becomes zero

(C) tax liability is reduced

(D) None of the above

83. Cannon of equity in taxation is generally considered to be satisfied by

(A) regressive taxation

(B) progressive taxation

(C) proportional taxation

(D) None of the above

84. Which of the following is ***not*** an advantage of debt redemption ?

(A) It reduces the cost of debt management

(B) It maintains the confidence of the lender

(C) It discourages unnecessary expenditure of the government

(D) None of the above

85. In which of the following taxes impact and incidence of tax is on the same person ?

(A) Wealth tax

(B) Custom duty

(C) Excise duty

(D) None of the above

86. Which of the following is a merit of indirect taxes ?

(A) They are progressive

(B) They promote savings

(C) They are less painful to taxpayers

(D) None of the above

82. শূণ্যভিত্তিক বাজেটের সুবিধা হল

(A) যৌক্তিক ব্যয় সংঘটিত হয়

(B) ঘাটতি ব্যয় শূণ্য হয়

(C) করের দায়বদ্ধতা হ্রাস পায়

(D) উপরের কোনটিই নয়

83. করের সমতার নীতি সাধারণত যে ক্ষেত্রে পালিত হয় বলে মনে করা হয় তা হল

(A) অধোগতিশীল কর ব্যবস্থা

(B) প্রগতিশীল কর ব্যবস্থা

(C) সমানুপাতিক কর ব্যবস্থা

(D) উপরের কোনটিই নয়

84. নীচের কোন্‌টি ঋণ মোচনের একটি সুবিধা নয়?

(A) এটি ঋণ ব্যবস্থাপনার খরচ কমায়

(B) এটি ঋণ প্রদানকারীর ভরসা বজায় রাখে

(C) এটি সরকারের অপ্রয়োজনীয় ব্যয়কে নিরুৎসাহিত করে

(D) উপরের কোনটিই নয়

85. নীচের কোন্‌ করের ক্ষেত্রে করঘাত এবং করপাত একই ব্যক্তির ওপর পড়ে?

(A) সম্পদ কর

(B) আমদানী-রপ্তানী শুল্ক

(C) উৎপাদন শুল্ক

(D) উপরের কোনটিই নয়

86. নীচের কোন্‌টি পরোক্ষ করের একটি সদগুণ?

(A) এগুলি প্রগতিশীল

(B) এগুলি সঞ্চয়কে বাড়ায়

(C) করদাতার কাছে এগুলি কম বেদনাদায়ক

(D) উপরের কোনটিই নয়

87. The whole burden of tax will be borne by the sellers, if

